

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার



অবিলম্বে

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
www.kgdcl.gov.bd

স্মারক নম্বর: ২৮.১৫.০০০০.২০৫.২১.০০১.২৪.১৩

তারিখ: ২৫ পৌষ ১৪৩০

০৯ জানুয়ারি ২০২৪

বিষয়: ২০২৩ পঞ্জিকা বর্ষের গোপনীয় অনুবেদন ফরম পূরণ, মূল্যায়ন ও নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান।

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)-এর কর্মকর্তাগণের ২০২৩ পঞ্জিকা বর্ষের “গোপনীয় অনুবেদন (এসিআর)” ফরম বিধি বিধান অনুযায়ী(০২ প্রস্থ) মূল্যায়ন করা প্রয়োজন। এক্ষেত্রে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত গোপনীয় অনুবেদন (সিআর) ফরম (গ্রেড-১০ হতে তদুর্ধ্ব) প্রশাসন ডিভিশন কর্তৃক সরবরাহকৃত/কেজিডিসিএল-এর ওয়েবসাইট হতে ডাউনলোডপূর্বক A4 সাইজ কাগজে প্রিন্ট নিয়ে ব্যবহার করা যাবে। সিআর ফরম পূরণ/মূল্যায়নের ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তা, অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণের যথাযথ বিধি বিধান এবং সিআর ফরমে বর্ণিত নির্দেশনা অনুসরণ করা আবশ্যিক।

২। কোনো অনুবেদনাধীন কর্মকর্তা একই পঞ্জিকা বর্ষে কোনো নিয়ন্ত্রণকারী (অনুবেদনকারী) কর্মকর্তার অধীন কমপক্ষে ৩ মাস কর্মরত থাকলে তাঁর নিকট হতে সিআর মূল্যায়ন করা আবশ্যিক। এক্ষেত্রে একই পঞ্জিকা বর্ষে একাধিক নিয়ন্ত্রণকারীর (অনুবেদনকারী) অধীনে ০৩ মাস বা তার বেশি সময় কর্মরত থাকলে সেক্ষেত্রে আলাদা নিয়ন্ত্রণকারী (অনুবেদনকারী) কর্মকর্তার জন্য আলাদা সিআর ফরম ব্যবহার করতে হবে।

৩। অনুবেদনাধীন কর্মকর্তা সিআর ফরম সতর্কতার সাথে যথাযথভাবে পূরণপূর্বক ৩১ জানুয়ারি, ২০২৪ এর মধ্যে অনুবেদনকারী কর্মকর্তার নিকট, অনুবেদনকারী কর্মকর্তা সিআর ফরম যথানিয়মে অনুস্বাক্ষরপূর্বক ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা সিআর ফরম যথানিয়মে প্রতিস্বাক্ষরপূর্বক ৩১ মার্চ, ২০২৪ এর মধ্যে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) এর নিকট গোপনীয় বদ্ধ খামে প্রেরণ করবেন।

৪। প্রশাসনিক স্বচ্ছতার স্বার্থে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্তৃক সিআর ফরম অগ্রগামী পত্রের মাধ্যমে অনুবেদনকারীকে, অনুবেদনকারী কর্তৃক সিআর ফরম বদ্ধখামে অগ্রগামী পত্রের মাধ্যমে প্রতিস্বাক্ষরকারীকে এবং প্রতিস্বাক্ষরকারী মূল্যায়িত এসিআর বদ্ধ খামে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর নিকট অগ্রগামী পত্রের মাধ্যমে প্রেরণ করবেন। উল্লেখ্য, সংশ্লিষ্ট অনুবেদনাধীন এবং অনুবেদনকারী কর্তৃক এসিআর অগ্রগামীকরণ পত্রের অনুলিপি উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর নিকট প্রেরণ করবেন।

৫। গোপনীয় অনুবেদন মূল্যায়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসরণ করতে হবে।

৬। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত, অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত এসিআর সাধারণত সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের ব্যর্থতা সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গৃহীত হবে।

৬। সিআর ফরম পূরণে কোন অসুবিধা দেখা দিলে বা কোন তথ্য জানার প্রয়োজন হলে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) মোবাইল নং-০১৭৮৭-৬৫৩৬০১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানানো হলো।



৯-১-২০২৪

মোঃ মোজাহার আলী

মহাব্যবস্থাপক (প্রশাসন) (রুটিন দায়িত্ব)

বিতরণ :

- ১) সকল মহাব্যবস্থাপক, কেজিডিসিএল, চট্টগ্রাম।
- ২) সকল উপ-মহাব্যবস্থাপক, কেজিডিসিএল, চট্টগ্রাম।
- ৩) সকল ব্যবস্থাপক, কেজিডিসিএল, চট্টগ্রাম।
- ৪) সকল উপ-ব্যবস্থাপক, কেজিডিসিএল, চট্টগ্রাম।
- ৫) সকল কর্মকর্তা, কেজিডিসিএল, চট্টগ্রাম।


স্মারক নম্বর: ২৮.১৫.০০০০.২০৫.২১.০০১.২৪.১৩/১(৩)

তারিখ: ২৫ পৌষ ১৪৩০

০৯ জানুয়ারি ২০২৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) ব্যবস্থাপক, পার্সোনেল শাখা (প্রশাসন), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৩) অফিস কপি।



৯-১-২০২৪

মোঃ হাবিবুল গনি

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)